

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২২০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى صِبْيَانًا وَنِسَاءً مُقْبِلِينَ مِنْ عُرْسٍ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «اللَّهُمَّ أَنْتُمْ مِنْ أَحَبِّ النَّاسِ إِلَيَّ اللَّهُمَّ أَنْتُمْ مِنْ أَحَبِ النَّاسِ إِلَيَّ اللَّهُمَّ أَنْتُمْ مِنْ أَحَبِ النَّاسِ إِلَيَّ اللَّهُمَّ النَّاسِ إِلَيَّ اللَّهُمَّ النَّاسِ إلَيَّ مَنْ أَحَبِ النَّاسِ إلَيَّ اللَّهُ عَلَيْهِ اللَّهُ مَا اللَّهُ عَلَيْهِ اللَّهُ اللَّالَ اللَّهُ اللَّالَةُ اللَّهُ الللللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الل

متفق عليم ، رواه البخارى (3785) و مسلم (174 / 2508)، (6417) ـ مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬২২০-[২৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী (সা.) দেখলেন, (আনসারীদের) কতিপয় শিশু ও মহিলা কোন এক বিবাহ উৎসব হতে আসছে। তখন নবী (সা.) দাঁড়িয়ে বললেন, হে আল্লাহ! (তুমি সাক্ষী থাক!) তোমরা (আনসারগণ) সকল মানুষের তুলনায় আমার কাছে অধিক প্রিয়। হে আল্লাহ! তোমরা (আনসারগণ) আমার কাছে সমস্ত মানুষ অপেক্ষা অধিক প্রিয়। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৫১৮০, মুসলিম ১৭৪-(২৫০৮), মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২৩৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে বর্ণিত (عُرْسٌ) শব্দের কয়েকটি অর্থ রয়েছে। যেমন- ইবনু মালিক (রহিমাহুল্লাহ) বলেন, এর অর্থ হলো, ওয়ালীমার খাবার। আবার কেউ কেউ বলেন, (عُرْسٌ) অর্থ হলো এমন খাবার যা দাওয়াতের জন্য



প্রস্তুত করা হয়েছে।

হাদীসে রাসূলুল্লাহ (সা.) বলেছেন, (اللَّهُمَّ أَنْتُمْ مِنْ أَحَبِّ النَّاسِ إِلَيَّ) অর্থাৎ হে আল্লাহ! তোমরা আমার কাছে সবচেয়ে প্রিয় মানুষ।

মিরকাতুল মাফাতীহ প্রণেতা বলেন, এই বাক্যে কিছু অংশ উহ্য আছে। আর তা হলো, হে আল্লাহ! তুমি তো সত্য জানো যে, আমি আনসারদের ব্যাপারে যা বলছি। তারা আমার কাছে সবচেয়ে প্রিয় মানুষ। আর তারা বলতে এখানে উদ্দেশ্য হলো আনসারগণ। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন